FEB. 20 2001

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ... ৩ কলাম ... ৫ ....

দৈনিক ইনকিলাব

## কলেজ পর্যায়ের শিক্ষক নিয়োগে প্রচলিত বৈষম্যের অবসান চাই

২২তম বিসিএস পরীক্ষা ২০০০ অনুষ্ঠানের লক্ষ্যে ২৭-৮-২০০০ তারিখে দৈনিক পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়-এর বিজ্ঞপ্তি নং বাসক ক স -২/১ই-১৯-২০০০/২৩৭ তারিখ ১৭-৮-২০০০ইং অনুসারে সরকারী কলেজসমূহে বিভিন্ন বিষয়ে প্রভাষক নিয়োগের জন্যে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর মাস্টারস ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টারস ডিগ্রী চাওয়া হয়েছে। পক্ষান্তরে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং শাঃ১১/ বিবিধ-৫/৯৪ (অংশ-৬) ৩৯৫, তাং ২৪-১০-১৯৯৫ অনুসারে বেসরকারী কলেজসমূহে বিভিন্ন বিষয়ে প্রভাষক নিয়োগের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা প্রথম শ্রেণীর মাস্টারস ডিগ্রীসহ সকল পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/বিভাগ অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টারস ডিগ্রী এবং সকল পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/বিভাগ। একই পর্যায়ে শিক্ষা দানের লক্ষ্যে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় যথেষ্ট বৈষম্য আছে বলে প্রতীয়মান হয়। উচ্চ শিক্ষার মান সমুন্নত করার লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়া ও শিক্ষাগত যোগ্যতায় প্রচলিত বৈষম্যের অবসান করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য কর্তৃপক্ষ বরাবরে সবিনয় অনুরোধ করছি।

–মোঃ আবদুল মোতালেব তালুকদার,
অধ্যক্ষ, ধোবাউড়া আদর্শ মহাবিদ্যালয়,
ধোবাউড়া, ময়মনসিংহ।